

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নম্বর ০৬

মে ১২, ২০২৪  
তারিখ:-----  
বৈশাখ ২৯, ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়গণ,

**বজ্রখাতে সিএমটি (Cut, Make and Trim) পদ্ধতিতে রপ্তানিতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার পত্র নম্বর ০৭, তারিখ জুলাই ২৩, ২০২৩-এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা হলো।

২। সরকারি সিদ্ধান্তক্রমে উপরোল্লিখিত এফই সার্কুলার পত্রটির বিষয়ে অধিকতর স্পষ্ট করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো :

(ক) বর্ণিত সার্কুলার পত্রের ২(খ) উপঅনুচ্ছেদে উল্লিখিত রপ্তানি পণ্যের নীট এফওবি মূল্য নির্ণয়ের ক্ষেত্রে অন-নো-কস্ট ভিত্তিতে আমদানিকৃত উপকরণের কাস্টমস কর্তৃপক্ষের মূল্যায়িত মূল্য (Customs Assessed Value)-এর সাথে প্রত্যাবাসিত সিএমটি মূল্য [এফই সার্কুলার পত্র নং ০৭/২০২৩-এর ০২(ক) অনুসারে] যোগ করতে হবে। সিএমটি মূল্যের মধ্যে রপ্তানিতে ব্যবহৃত ব্যাক-টু-ব্যাংক পদ্ধতি বা অন্য কোনো পদ্ধতির আওতায় সংগৃহীত উপকরণের মূল্য অন্তর্ভুক্ত থাকে বিধায় উক্ত মূল্য নীট এফওবি মূল্য নির্ণয়ের ক্ষেত্রে যোগ হবে না।

(খ) বর্ণিত সার্কুলার পত্রের ২(গ) উপঅনুচ্ছেদে উল্লিখিত সূত্রের ক্ষেত্রে সিএমটি মূল্যের মধ্যে স্থানীয় ব্যাক-টু-ব্যাংক এলসি বা অন্য কোনো পদ্ধতির আওতায় স্থানীয়ভাবে সংগৃহীত উপকরণের মূল্য অন্তর্ভুক্ত থাকলে উক্ত উপকরণের মূল্য সিএমটি মূল্যের সাথে যোগ হবে না। এছাড়া, এক্ষেত্রে উক্ত সিএমটি মূল্যের মধ্যে ব্যাক-টু-ব্যাংক এলসি বা অন্য কোনো পদ্ধতির মাধ্যমে সংগৃহীত বিদেশি উপকরণের মূল্য অন্তর্ভুক্ত থাকলে উক্ত মূল্য সিএমটি মূল্য থেকে বাদ দিতে হবে। ফলে স্থানীয় মূল্য সংযোজনের হার নিম্নরূপ হবে :

[সিএমটি মূল্য \* - সিএমটি মূল্যের মধ্যে ব্যাক-টু-ব্যাংক এলসি/অন্য কোনো পদ্ধতিতে সংগৃহীত বিদেশি উপকরণের মূল্য (যদি থাকে)] X ১০০  
রপ্তানি পণ্যের নির্ণিত নীট এফওবি মূল্য [উপরোল্লিখিত ২(ক) অনুসারে]

\* [এফই সার্কুলার পত্র নং ০৭/২০২৩-এর ০২(ক) অনুসারে]

বজ্রখাতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা সংশ্লিষ্ট সার্কুলারের অন্যান্য প্রযোজ্য নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে উপরোক্ত নির্দেশনা অবহিত করার জন্য নির্দেশনা দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সরোয়ার হোসেন)  
পরিচালক (এফইপিডি)  
ফোন: ৯৫৩০১২৩